

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮২৭

আগরতলা, ২৪ নভেম্বর, ২০২৩

ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ক্লিনিক্যাল মেডিসিনের ২৯তম বার্ষিক সম্মেলন
চিকিৎসা ক্ষেত্রে নতুন নতুন উদ্ভাবন এখন চিকিৎসা ক্ষেত্রে প্রাধান্য পাচ্ছে : মুখ্যমন্ত্রী

পৃথিবীজুড়ে চিকিৎসাশাস্ত্রে নিত্য নতুন আবিষ্কার হচ্ছে। চিকিৎসা ক্ষেত্রে নতুন নতুন উদ্ভাবন, জ্ঞান ও যৌথ উদ্যোগে যে ইতিবাচক পরিবর্তন আসছে তা আজকের দিনে চিকিৎসা ক্ষেত্রে প্রাধান্য পাচ্ছে। কোভিড অতিমারীর সময় আমাদের দেশের চিকিৎসক ও চিকিৎসা বিজ্ঞানীরা যে অভূতপূর্ব ভূমিকা নিয়েছিলেন সে সম্পর্কে সমগ্র বিশ্ব অবগত রয়েছে। চিকিৎসা ক্ষেত্রের উন্নয়নে ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ক্লিনিক্যাল মেডিসিন যে কাজ করছে তা প্রশংসনীয়। আজ আগরতলার হাঁপানিয়াস্থিত ইন্টারন্যাশনাল ইন্ডোর এক্সিবিশন সেন্টারে অনুষ্ঠিত ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ক্লিনিক্যাল মেডিসিনের ২৯তম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, এই সম্মেলনে শুধুমাত্র চিকিৎসা ক্ষেত্রের পেশাদারদের বৌদ্ধিক ক্ষমতাই তুলে ধরা হবে না। এই ক্ষেত্রে যেসব উদ্ভাবন হচ্ছে ও যে সমস্ত যৌথ উদ্যোগে কাজ হচ্ছে তাও আলোচনায় আসবে। এই সম্মেলনে ৩০ জনেরও বেশি জাতীয় স্তরের স্বনামধন্য চিকিৎসক চিকিৎসা শাস্ত্রে তাদের যোগদান ও জ্ঞান সম্পর্কে আলোচনা করবেন।

মুখ্যমন্ত্রী বলেন, মিশন ইন্দ্রধনুষ, আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনা ইত্যাদি কর্মসূচির সফল বাস্তবায়নের মধ্য দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দর্শন স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে বৈপ্লাবিক পরিবর্তন এনেছে। চিকিৎসা ক্ষেত্রের পেশাদারদের এ জাতীয় প্রতিটি সম্মেলনের মধ্যে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে এরকম কল্যাণকারী নীতিই প্রতিফলিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন, যখন আমরা রাজ্যের চিকিৎসা পরিষেবার উন্নয়নে কোনও নতুন উদ্যোগ নিই, আমাদের উচিত হবে জাতীয়স্তরের চিকিৎসকে মাথায় রেখে তা করা। কেননা, একমাত্র স্বাস্থ্যক্ষেত্রের পেশাদার পরিষেবা প্রদানকারীদের যৌথ উদ্যোগ এবং সরকারের সহযোগিতার মাধ্যমেই আমরা ত্রিপুরা এবং দেশের জন্য আরও বেশি সুস্থ ও স্থিতিশীল ভবিষ্যৎ গড়তে পারবো। সর্বশেষে তিনি সমস্ত অংশগ্রহণকারীদের আলোচনায় সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য উৎসাহিত করেন। পাশাপাশি তাদের অভিজ্ঞতা তুলে ধরে যৌথভাবে কাজ করতে উৎসাহিত করেন। যৌথ উদ্যোগের ফলে শুধু রাজ্য নয়, দেশের চিকিৎসক ও নাগরিকগণ যাতে উপকৃত হন সেই লক্ষ্যে সকলকে এক সাথে কাজ করার আহ্বান জানান মুখ্যমন্ত্রী।

এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ক্লিনিক্যাল মেডিসিনের প্রাক্তন সভাপতি প্রফেসর (ডা.) সুকুমার মুখার্জি, অ্যাসোসিয়েশনের ন্যাশনাল প্রেসিডেন্ট ডা. কে কে পারিক, ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ক্লিনিক্যাল মেডিসিনের সম্মেলনের সায়েন্টিফিক কমিটির চেয়ারম্যান ডা. এইচ এস পাঠক। অনুষ্ঠানে ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ক্লিনিক্যাল মেডিসিনের সাধারণ সম্পাদক ডা. সুরেশ কুশওয়া অ্যাসোসিয়েশনের কাজকর্মের রিপোর্ট তুলে ধরেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সম্মেলনের আয়োজক কমিটির চেয়ারম্যান প্রফেসর (ডা.) প্রদীপ ভৌমিক। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন আয়োজক কমিটির সম্পাদক প্রফেসর (ডা.) দেবপ্রসাদ চক্রবর্তী। অনুষ্ঠানে অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে প্রফেসর (ডা.) সুকুমার মুখার্জি এবং প্রফেসর জি এল আবস্তিকে লাইফটাইম অ্যাচিভমেন্ট পুরস্কারে সম্মানিত করা হয়। মুখ্যমন্ত্রী তাদের হাতে মেডেল ও শংসাপত্র তুলে দেন। তাছাড়াও অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে স্বাস্থ্যক্ষেত্রে উল্লেখযোগ্য কাজের জন্য চিকিৎসকদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে ক্লিনিক্যাল মেডিসিনের আপডেটেড একটি বই এবং স্মরণিকা প্রকাশিত হয়। তিনদিনব্যাপী এই সম্মেলন আগামী ২৬ নভেম্বর পর্যন্ত চলবে।
